

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এস বিজ্ঞান-২, ঢাকা।			
স্মারক নং- ৩৫৭৮	তারিখঃ- ২১/১২/২২	প্রকল্প নং- ৩	
স: প্র:	উ: বি: প্র:	নি: প্র:	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
হিসাব শাখা-১  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৭২.১৩.১২৪৬

তারিখ: ১২ পৌষ ১৪২৯

২৭ ডিসেম্বর ২০২২

বিষয়: ০৫ (পাঁচ) টি র্‌যাব কমপ্লেক্স এবং একটি র্‌যাব ফোর্সেস ট্রেনিং স্কুল কমপ্লেক্স নির্মাণ কাজের জন্য ২০২২-২০২৩ আর্থিক সালে ১ম ও ২য় কিস্তিতে ২৬.৫০ লক্ষ টাকা বরাদ্দ।

সূত্র: প্রকল্প পরিচালক, ০৫ (পাঁচ) টি র্‌যাব কমপ্লেক্স এবং একটি র্‌যাব ফোর্সেস ট্রেনিং স্কুল কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, র্‌যাব ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকার স্মারক নং-/২২১ তারিখ-২২-১১-২০২২ খ্রিঃ এর প্রেক্ষিতে।

উপরোক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২২-২০২৩-আর্থিক সালে খরচ করার জন্য =২৬.৫০ লক্ষ (ছাষিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ করা হলো।

সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে প্রকল্প পরিচালক কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট সরাসরি ন্যস্তকৃত =২৬.৫০ লক্ষ (ছাষিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রকল্প পরিচালক মহোদয়ের পত্রের বিভাজন অনুযায়ী হিসাবের কোড নং-১২২-১২২০২-১২২০২০১-২২৪০০৮৩০০- ৪১১২৩০৩-খাতের ২০২২-২০২৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে ব্যয় সংকুলান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক ব্যয় করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত সমূহ অনুসরণ করতে হবে। শর্ত সমূহঃ

- (১) কোন অবস্থাতেই প্রকল্পের অনুমোদিত ব্যয় ও অনুমোদিত অঙ্গের বাইরে ছাড়কৃত অর্থ ব্যয় করা যাবে না।
- (২) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্পের জন্য অনুসৃত নীতিমালা যথাযথভাবে অনুসরণ/ পালন করতে হবে।
- (৩) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে অত্রদপ্তরে সমর্পণ করতে হবে।
- (৪) এই বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারি দায়ী থাকবে।
- (৫) বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব অত্র দপ্তরের/ প্রত্যায়ী সংস্থার নিকট দাখিল করতে হবে।
- (৬) প্রকল্প পরিচালক মহোদয়ের পত্রের বিভাজন অনুযায়ী এই অর্থ খরচ করতে হবে।

২৭-১২-২০২২

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

নির্বাহী প্রকৌশলী (ই/এম)